

## অষ্টম অধ্যায়: জাতকের শিক্ষা

প্রশ্ন-ক. জাতক কাকে বলে? [প্রা.শি.স.প. '১৬, '১৫, '১৩]

উত্তর: সাধারণ অর্থে জাতক বলতে যে জন্মগ্রহণ করেছে তাকে বোঝায়। কিন্তু বৌদ্ধ সাহিত্যে গৌতম বুদ্ধের অতীত জন্ম বৃত্তান্তকে জাতক বলা হয়।

প্রশ্ন-খ. নক্ষত্র জাতকের উপদেশ কী? [প্রা.শি.স.প. '১৬, '১৫, '১৪]

উত্তর: নক্ষত্র জাতকের উপদেশ হলো 'শুভ কাজের কোনো কালকাল নেই'।

প্রশ্ন-গ. প্রাচীনকালের ঈশপের গল্প ও ডেকামেরনে তুমি কিসের প্রভাব লক্ষ করেছ?

উত্তর: জাতকের প্রভাব।

প্রশ্ন-ঘ. তোমার জানা মতে, কোন সাহিত্যে জাতকের প্রভাব সবচেয়ে বেশি?

উত্তর: ভারতীয় সাহিত্যে।

প্রশ্ন-ঙ. মানুষে মানুষে ভ্রাতৃত্ব, মৈত্রী, করুণা আর ভালোবাসার বন্ধন ও সৌহার্দ্য সৃষ্টি করে কোন উপদেশ?

উত্তর: জাতকের উপদেশ।

প্রশ্ন-চ. জাতক পাঠের উদ্দেশ্য কী?

উত্তর: সাধারণত সৎ কাজের সুফল ও অসৎ কাজের কুফল বর্ণনা করাই জাতক পাঠের উদ্দেশ্য।

প্রশ্ন-ছ. ধর্মপাল কুমারের আচার্য কিসের অস্থি নিয়ে গিয়েছিল?

উত্তর: ধর্মপাল কুমারের আচার্য ছাগলের অস্থি নিয়ে গিয়েছিল।

প্রশ্ন-জ. জাতকের কাহিনীগুলো কেমন?

উত্তর: জাতক কাহিনীগুলো অতি চমৎকার।

প্রশ্ন-ঝ. জাতকের মূল শিক্ষা কী?

উত্তর: কুশলকর্ম বা পথ অবলম্বন করে মহৎ ও আদর্শ শীল গঠন করা।

প্রশ্ন-ঞ. কোনটি আমাদের জন্য মজ্জল বয়ে আনে?

উত্তর: জাতকের উপদেশ।

প্রশ্ন-ট. আরব্য রজনীর কাহিনীতে তুমি কিসের প্রভাব দেখতে পাবে?

উত্তর: জাতকের।